

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেনারেল ম্যানেজার(পশ্চিম) এর কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে,রেলভবন,
রাজশাহী


নংঃ-৫৪.০১.৮১০০.১৫১.০০১.০০৪.১২

তারিখঃ-০৬-০৮-২০১৮ ইং।

গত ০৫-০৮-২০১৮ ইং তারিখে মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় ও মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে মহোদয়ের সহিত মোবাইল ফোনে আলোচনা এবং টিকেট কালেক্টর গ্রেড-২ নিয়োগ সংক্রান্ত নির্বাচন কমিটির কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক আগামী ৩১-০৮-২০১৮ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় টিকেট কালেক্টর গ্রেড-২ পদের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

আলোচনা মোতাবেক নতুনভাবে প্রবেশপত্র ইস্যু করার ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

সংযুক্তঃ- নির্বাচন কমিটির কার্যবিবরণী।


(মোঃ মজিবর রহমান)
জেনারেল ম্যানেজার(পশ্চিম)
বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল :


- ১। সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
- ২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- ৪। পরিচালক(সংস্থাপন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।


টিসি গ্রেড-২ পদে ৩১-৮-২০১৮ইং তারিখে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষা গ্রহণ
সংক্রান্ত নির্বাচন কমিটি কার্যবিবরণী।


টিসি গ্রেড-২ পদে ৩১-৮-২০১৮ইং তারিখে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নির্বাচনী কমিটির
রাজশাহীস্থ সদস্যবৃন্দ অদ্য ০৫-০৮-২০১৮ইং তারিখ আলোচনা সভায় মিলিত হয়ে সার্বিক বিষয় পর্যালোচনা শেষে
নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হলো।


- ১। ৩১-০৮-২০১৮ইং তারিখে লিখিত পরীক্ষা গ্রহণের বিষয়ে পশ্চিমাঞ্চলে ২২ টি এবং পূর্বাঞ্চলে ১৩ টি কেন্দ্র নির্ধারণ
হয়েছে। প্রয়োজনীয় কার্যক্রম অর্থাৎ লিখিত পরীক্ষা প্রবেশপত্র প্রেরণের জন্য সীল তৈরি ও আনুষঙ্গিক কার্যক্রম
সম্পন্ন হয়েছে।
- ২। ২৯-০৮-২০১৮ইং তারিখের পূর্বে টিসি গ্রেড-২ পদে ৬৩,১৫২ টি প্রশ্নপত্র প্রণয়নের জন্য জিএম/পশ্চিম মহোদয়
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৩। ২৯-৮-২০১৮ইং তারিখের মধ্যে পূর্বাঞ্চলের ১৮,৯৫২ জন প্রার্থীর প্রশ্নপত্র ও উত্তরপত্রসহ আনুষঙ্গিক কাগজপত্র
জিএম/পূর্ব দপ্তরে প্রেরণ করতে হবে।
- ৪। ০৬-০৮-২০১৮ তারিখ হতে ১২-৮-২০১৮ তারিখের মধ্যে লিখিত পরীক্ষার প্রবেশ পত্র ইস্যু করা হবে।
- ৫। ১২-৮-২০১৮, ১৬-৮-২০১৮ এবং ২৬-৮-২০১৮ তারিখ ০৩ (তিন) দিন ০৩টি জাতীয় পত্রিকায় ৩১-৮-২০১৮
তারিখে টিসি গ্রেড-২ এর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে মর্মে বিজ্ঞপ্তি প্রচার করা হবে।

সুতরাং ৩১-৮-২০১৮ইং তারিখ টিসি গ্রেড-২ পদের লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কমিটি প্রস্তুত আছে।


(মোঃ মোস্তাফিজুর রহমান)
এসইএন/পিএন্ড ডি/পশ্চিম
সদস্য,
টিসি গ্রেড-২, নির্বাচন কমিটি।



(ডাঃ এস,এম মারফুল আলম)
ডিএমও/সদর/রাজশাহী
সদস্য
টিসি গ্রেড-২, নির্বাচন কমিটি।


(কামাল শেখ)
এসপিও(পশ্চিম)/রাজশাহী
সদস্য সচিব,
টিসি গ্রেড-২, নির্বাচন কমিটি।


(মোঃ শহিদুল ইসলাম)
অতিঃসিসিএম(পশ্চিম)/রাজশাহী।
আহবায়ক ও
টিসি গ্রেড-২, নির্বাচন কমিটি।

বিতরণ : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ-

- ১। জেনারেল ম্যানেজার(পশ্চিম)/রাজশাহী।


(মোঃ শহিদুল ইসলাম)
অতিঃসিসিএম/পশ্চিম/রাজশাহী।
আহবায়ক ও
টিসি গ্রেড-২, নির্বাচন কমিটি।